আলমডাঙ্গায় ‘উন্নয়নে আমরা’ সংগঠনের উদ্যোগে ঈদ সামগ্রী ও পোশাক বিতরণ

আলমডাঙ্গায় প্রাগপুর উন্নয়নে আমরা সংগঠনের পক্ষ থেকে ঈদ সামগ্রী ও পোশাক বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দিনব্যাপী সংগঠনের পক্ষ থেকে প্রাগপুর গ্রামে ১৪০ জনকে ঈদ সামগ্রী ও ৫৬ জনকে ঈদ পোশাক বিতরণ করা হয়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের প্রাগপুর গ্রামের এক ঝাঁক যুবকদের উদ্যোগে গত ২০২১ সালের ২১ শে অক্টোবর গঠিত হয় প্রাগপুর উন্নয়নে আমরা। এ সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন মূলক কার্যক্রমের চলমান ধারা অব্যাহত রাখতে আর্থিক সহযোগীতা করে থাকে।

এছাড়াও, অসুস্থ ও দুস্থ পরিবারের মাঝে ঔষধ ও নগত অর্থ প্রদান করে। গত শীত মৌসুমে ৮৬ জন নারী, পুরুষ ও শিশুদের বস্ত্র বিতরণ করা হয়। এরই ধারাবাহিকতায় আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে গরিব দুস্ত মানুষের মাঝে সেমাই,চিনি, গুড়া দুধ, মাংসের মসলা ইত্যাদি বিতরণ করা হয়। এছাড়াও ৫৬ জনের মাঝে শাড়ি,লুঙ্গী, পাঞ্জাবি, জুব্বা সেট ও বাচ্চাদের পোশাক বিতরণ করা হয়।

এদিকে, আত্মমানবতা সেবায় রক্তদান, গুরুত্বর রোগীদের চিকিৎসা সেবার পাশাপাশি জনগণের মান উন্নয়নে বদ্ধ পরিকর সংগঠনটি।

রমজান মাসের ত্যাগের এই শিক্ষা সমাজের সর্বক্ষেত্রে ছড়িয়ে

দিতে হবে

ইসলাম ধর্ম শান্তির ধর্ম বলে জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি। তিনি বলেন, আমাদের ধর্মসহ সকল ধর্ম শান্তির কথা বলে। যারা সমাজের মধ্যে অশান্তি সৃষ্টি করে, কলহ সৃষ্টি করে তারা কখনো জাতির কল্যান বয়ে আনতে পারেনা।

শনিবার বিকেলে কুষ্টিয়া দিশা অডিটোরিয়ামে কুষ্টিয়া সদর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, পবিত্র সাওম সাধনার মাধ্যমে সমাজের সর্বক্ষেত্রে শান্তি প্রতিষ্ঠা করতে হবে। পাশাপাশি আমরা অনেক রকম খাদ্য সামগ্রী দিয়ে ইফতার করে থাকি, শুধু নিজে ভালো খেলে হবে না প্রতিবেশী আত্মীয় স্বজন এবং সমাজের অন্যান্য মানুষের খোঁজ খবর নিতে হবে।

তাদের মাঝেও উন্নত খাদ্য সামগ্রী প্রদান করতে হবে। তবেই প্রকৃত ধর্ম পালন করা হবে। রমজান মাসের ত্যাগের এই শিক্ষা সমাজের সর্বক্ষেত্রে ছড়িয়ে দিতে হবে বলেও জানান তিনি।

কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যনে আতাউর রহমান আতার সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সদর উদ্দিন খানে, সাধারণ সম্পাদক আসগর আলী, জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম, পুলিশ সুপার খাইরুল আলম, জেলা পরিষদের প্রশাসক হাজী রবিউল ইসলাম, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মো: মনিরুজ্জামান, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিজ্ঞ পিপি এ্যাড. অনুপ কুমার নন্দী, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জিপি এ্যাড. আসম আখতারুজ্জামান মাসুম, সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খানসহ জেলা ও উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরে দেশ ও জাতির কল্যাণে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

কুষ্টিয়ায় জেলা প্রশাসনের উদ্যোগে নিম্ন আয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ

কুষ্টিয়ায় নিম্ন আয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। শনিবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসন ভবন চত্বরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহযোগীতায় কুষ্টিয়া জেলা প্রশাসনের ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ সদর আসনের সংসদ সদস্য মাহাবুব উল আলম হানিফ।

এসময় তিনি বলেন, ‘উন্নয়ন অগ্রগতি ও মানুষের ভাগ্য পরিবর্তনের ফলে দেশের ৮০ থেকে ৯০ শতাংশ মানুষ শেখ হাসিনার পক্ষে রয়েছে। সুতরাং এই দলের বিরুদ্ধে আন্দোলন সংগ্রামের হুমকি দিয়ে কোনো লাভ হবে না। আর আন্দোলনের নামে কোনো নাশকতা হলে তা কঠোর হস্তে দমন করা হবে।

এ সময় তত্বাবধায়ক সরকার প্রসঙ্গে হানিফ বলেন, ‘তত্বাবধায়ক সরকার কোনো সাংবিধানিক ব্যবস্থা নয়, এটা গণতান্ত্রিক পদ্ধতিরও কোনো অংশ নয়। এটা আনতে হয়েছিলো শুধুমাত্র বিএনপির মতো অগণতান্ত্রিক দল ক্ষমতা হস্তান্তরে অনিহা প্রকাশের কারণে।

তবে এর রূপরেখায় উল্লেখ ছিল পরপর তিনবার তত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন হবে। সেটা হয়েছে। তবে পরাজিত দলগুলো এই নির্বাচনগুলো অভিযুক্ত করেছে। তাই চুক্তি অনুযায়ী তত্বাবধায়ক সরকার বাতিল হয়েছে। উচ্চ আদালতও তত্বাবধায়ক সরকার ব্যবস্থা অবৈধ বলেছে। এটা নিয়ে কথা বলা যুক্তিযুক্ত নয়।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে এসময় পুলিশ সুপার খায়রুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালকমৃ,ণাল কান্তি দেস সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দুই শতাধিক নিম্ন আয়ের

মানুষকে ঈদ সামগ্রী দেওয়া হয়।

কোটচাঁদপুরে ডিজিটাল আইনে মামলায় ছাত্রলীগের সাবেক সভাপতি আটক

কোটচাঁদপুরে পুলিশের হাতে আটক হয়েছেন ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহিন। গতকাল শনিবার স্থানীয় মেইন বাসস্ট্যান্ড থেকে তাকে আটক করা হয়।

জানা যায়, কোটচাঁদপুর থানার এসআই জাহিদ হোসেন কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে আটক করা হয় শাহিনকে। তার নামে মহেশপুর থানায় ডিজিটাল আইনে মামলা ছিল। যার নাম্বার ৫৫। তারিখ -১৮-১২-২০২১। বর্তমানে মামলাটি ডিবিতে রয়েছে।

১৮ ডিসেম্বর সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল এর পিএস সুফল কুমার বিশ্বাস বাদি হয়ে মহেশপুর থানায় ডিজিটাল আইনে মামলা করেন।

ওই মামলার আসামি করা হয় দুই জনকে। যার মধ্যে রয়েছে সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজের ভাইপো আতিয়ার রহমান সুমন। সুমন একই বর্তমানে মামলায় জেলে রয়েছে ।

অন্যজন হচ্ছেন কোটচাঁদপুর উপজেলার ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহিন। শাহিন কোটচাঁদপুর রেলস্টেশন পাড়ার শেখ ফজলুর রহমানের ছেলে।

বিশেষ চাহিদা সম্পূর্ণ শিক্ষার্থীদের মাঝে ঈদ উপহার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বলরামপুর গ্রামের শিল্পী আবিদ স্মৃতি প্রতিবন্ধী বিদ্যালয় ও পূর্নবাসন কেন্দ্রের ১৫০ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের মাঝে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

শিল্পী আবিদ স্মৃতি প্রতিবন্ধী ও পূর্নবাসন বিদ্যালয়ের সভাপতি এবং ঝিনাইদহ জেলা শাখার মানবাধিকার কমিশনের সাধারণ সম্পাদক অ্যাড. খোদাবক্স এর সভাপতিত্বে নিধান শর্মা এর সঞ্চালনায় শনিবার পূর্নবাসন কেন্দ্রের খাদ্য সামগ্রী বিতরণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ৬ নং ফলসী ইউনিয়ন এর চেয়ারম্যান অ্যাড. বজলুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সালেহা বেগম মহিলা ডিগ্রী কলেজের অধ্যাপক মাহাবুব মুরশেদ শাহিন, বাবু বিশ্বনাথ সাধুখা সাধারণ সম্পাদক বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ হরিনাকুন্ডু থানা শাখা, হরিণাকুন্ডু উপজেলা প্রেসক্লাবের সাধারন সম্পাদক জাফিরুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন, শিল্পী আবিদ স্মৃতি প্রতিবন্ধী বিদ্যালয় ও পূর্নবাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা সঞ্জয় কুমার বিশ্বাস, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক স্থানীয় গণমাণ্য ব্যক্তিবর্গসহ আরও অনেকেই।

গাংনীতে ঈদুল ফিতর উপলক্ষে এমপির সৌজন্য উপহার সামগ্রী

বিতরণ

পবিত্র ঈদ ঊল ফিতর উপলক্ষে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সৌজন্যে গাংনী উপজেলার মহেষপুর গ্রামের শতাধিক অসহায় মানুষের মাঝে ঈদ উপহারের খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

শনিবার বিকালে মহেষপুর গ্রামে এ সহায়তা তুলে দেন এমপি পুত্র সাদিউজ্জামান সাইফ ও সামিউজ্জামান সামি।

এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের এ্যাম্বাসেডর সবুজ আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মহেষপুর বীর মুক্তিযোদ্ধা মিনহাজুল ইসলাম, আওয়ামীলীগ নেতা আদম আলীসহ স্থানীয় আওয়ামীলীগ ও ছাত্রীলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ঈদ উপলক্ষে আটা, চিনি, লবণ ও সেমাই প্রদান করা হয়।

কালবৈশাখী ঝড়ে উড়ে গেলো স্কুলের ছাউনি

কালবৈশাখী ঝড়ে মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ব্যাপক ক্ষতি হয়েছে। গত শুক্রবার সন্ধ্যার দিকে কালবৈশাখী ঝড়ে উড়ে যায় একটি শ্রেণী কক্ষের ছাউনি। এছাড়াও পাশের শ্রেণী কক্ষের ব্যাপক ক্ষতি হয়েছে বলে জানাই বিদ্যালয় কর্তৃপক্ষ।

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান বলেন, গত শুক্রবার হঠাৎ কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়ের একটি শ্রেণী কক্ষের ছাউনি ভেঙে নিচে পড়ে যায়। একই সাথে পুরো ঘরের টিনের ছাউনিটি দুর্বল হয়ে গেছে। স্কুল খোলার আগে যদি সংস্কার না করা হয় তবে পাঠদান করা অসম্ভব হয়ে পড়বে।

ম্যানেজিং কমিটির সভাপতি সেলিম রেজা জানান, কালবৈশাখী ঝড়ে

বিদ্যালয়ের ছাউনি ভেঙে পড়েছে। বিষয়টি জেলা ও উপজেলা শিক্ষা অফিসকে জানানো হবে।

দর্শক টানতে নতুন সাজে ঝিনাইদহের জোহান ড্রীম ভ্যালি পার্ক

“ঈদ মানেই খুশি ঈদ মানেই আনন্দ” ঈদের খুশি ভাগাভাগি করে নিতে তরুণ-তরুণীদের একটি বড় অংশ পার্কে কিম্বা কোন দর্শনীয় স্থানে ঘুরতে যায়।

আবার অনেক পরিবার কর্মব্যস্ততার কারণে ঘুরতে বের হবার সময় পায়না তারাও ঈদে পার্কে ঘুরতে আসে। দিন শেষে পার্ক বা বিনোদন কেন্দ্র গুলো মিলন মেলায় পরিনত হয়।

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে দর্শনাথীদের বিনোদনের খোরাক যোগাতে নানা প্রস্তুতি নিচ্ছে ঝিনাইদহের বিনোদন কেন্দ্রগুলো।

এরই ধারাবাহিকতায় ঝিনাইদহের সবচেয়ে জনপ্রিয় ও বৃহৎ বিনোদনকেন্দ্র জোহান ড্রীম ভ্যালি পার্ক ঈদের দিন থেকে সপ্তাহব্যাপী দর্শক টানতে নানা প্রস্তুতি নিচ্ছে।

চলছে ধোয়া-মোছা, পরিচর্যা আর নতুন নতুন রাইডার স্থাপনের কাজ। গত কয়েক মাসের দর্শক খরায় লোকসানের হিসাব চোকানোর উদ্দেশ্যে সকাল থেকে রাত অবধি নানা পরিচর্যায় ব্যস্ত পার্কের শ্রমিক কর্মচারীরা।

পার্কের সত্বাধীকারী মোয়াজ্জেম হোসেন বলেন, আমরা এই ঈদে জোহান পার্কে নতুন করে সংযোগ করছি খুলনা বিভাগের সর্ববৃহৎ স্পীড বোর্ড। নতুন করে আমরা রাইড স্থাপন করছি।

রোলার কোস্টার শুরু করেছি। এছাড়াও পার্কে এসে যেন দর্শনার্থীরা আনন্দ উপভোগ করতে পারে এজন্য সকল প্রকার ব্যবস্থা নেওয়া হয়েছে।

ঈদুল ফিতর উপলক্ষে দেওয়া হয়েছে বিশেষ ছাড়।

পার্কের ম্যানেজার হাসানুজ্জামান বাবু বলেন, এবারের ঈদে দর্শনার্থীদের আনন্দ দিতে সকল প্রকার প্রস্তুতি নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, প্রায় ৩০০ বিঘা জমির উপর অবস্থিত এ পার্কে ভিআইপি পিকনিত স্পট রয়েছে।

এছাড়াও এখানে রয়েছে জেট কোস্টার, কেইভ ট্রেন, পাইরেট শীপ, প্যাডেল বোট, ওয়াটার রিক্সা, ফানি এ্যাডভেঞ্চার, নাগর দোলা, সুইং চেয়ার, কিডস জোনসহ নানা রাইডস। ঈদুল ফিতর উপলক্ষে দেওয়া হয়েছে বিশেষ ছাড়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, শহরের বিনোদন কেন্দ্রগুলোতে নিরাপত্তার জন্য পুলিশ সদস্য নিয়োজিত আছে। যেকোন প্রকার বিশৃঙ্খলা এড়াতে পুলিশ সদা তৎপর থাকবে।

কোটচাঁদপুর আল-আমিন একাডেমির ইফতার মাহফিল

কোটচাঁদপুরে আল-আমিন একাডেমির উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার আল-আমিন একাডেমির অধ্যক্ষ মোয়াবিয়া হোসাইনের সভাপতিত্বে ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

বিশেষ অতিথি ছিলেন রাজনীতিক ও সমাজসেবক অধ্যাপক মতিয়ার রহমান। বক্তব্য রাখেন তালসার কাজী লুৎফর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (অব:) আজিজুর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান মো: নুরুজ্জামান, হাজী সমিতির সভাপতি গোলাম রসুল, আবু বকর ও সাংবাদিক কামাল হাওলাদার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শরিফুর রহমান খাঁন টিটো।

মেহেরপুরে সুবিধাবঞ্চিত বাচ্চাদের ৫ টাকায় ঈদ শপিং

মেহেরপুরে সুবিধাবঞ্চিত বাচ্চাদের মাত্র ৫ টাকার বিনিময়ে পছন্দসই ঈদের পোশাক দেওয়া হয়েছে। শনিবার সকাল ১১ টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের এসএসসি ০৯ ব্যাচ ও মেহেরপুর ভাবনা নামের একটি সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে এই আয়োজন করা হয়।

৫ টাকায় ঈদ শপিং এর আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় উপস্থিত ছিলেন, ০৯ ব্যাচের সভাপতি তানভির আল মামুন, সহ সভাপতি সেলিম পারভেজ, ক্রিড়া সম্পাদক আসিউজ্জামান কমল, মেহেরপুর ভাবনা সংগঠনের সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, প্রধান সমন্বয়ক রাতুল আহমেদসহ দুই সংগঠনের প্রায় অর্ধশত সদস্য।

মেহেরপুরের প্রায় দেড়শ জন সুবিধাবঞ্চিত বাচ্চা ৫ টাকায় একটি টিকেট সংগ্রহ করে তাদের পছন্দ মত জামা, প্যান্ট ও স্যান্ডেল নিয়েছে।

৫ টাকায় পছন্দসই ঈদের পোশাক পাওয়া সামিয়া নামের এক শিশু জানাই, আমি ভেবেছিলাম গত ঈদের মত হয়তো এবার পুরাতন পোশাকে ঈদ করতে হবে। কিন্তু আজ ৫ টাকায় নতুন জামা, প্যান্ট ও স্যান্ডেল পেয়েছি।

একজন অভিভাবক বলেন, আমরা দিন আনি দিন খাই। বাচ্চাদের নতুন পোশাক কিনে দেওয়ার সামর্থ্য আমাদের নেই। ০৯ ব্যাচ ও মেহেরপুর ভাবনা আমাদের বাচ্চাদের নতুন পোশাক দিয়েছে। বাচ্চাদের মুখে হাসি ফুটিয়েছে। আমরা কৃতজ্ঞ।

পরে কমিউনিটি সেন্টারে মেহেদী উৎসব, কুইজ প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।